কালের কণ্ঠে সংবাদ

# ময়মনসিংহ পলিটেকনিকে র‍্যাগিং বন্ধে মতবিনিময়

নিজস্ব প্রতিবেদক, ময়মনসিংহ ২৫ অক্টোবর, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ১ মিনিটে

প্রিন্ট

অ- অ অ+

ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউটে শিক্ষার মান উন্নয়ন, র‍্যাগিং ও বাইরের মেসে চাঁদাবাজি বন্ধে করণীয় বিষয়ে মতবিনিময় করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে ওই ইনস্টিটিউটের অধ্যক্ষের কার্যালয়ে শিক্ষক ও হল সুপারদের সঙ্গে এ মতবিনিময় করেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শেখ হাফিজুর রহমান। এ সময় স্থানীয় সাংবাদিকরাও উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, গত শনিবার কালের কণ্ঠে ওই বিষয়ে একটি সংবাদ প্রকাশিত হলে তা উপজেলা প্রশাসনের নজরে আসে। পরে সমস্যাগুলো সমাধানের বিষয়ে সংশ্লিষ্টদের সঙ্গে মতবিনিময় করার উদ্যোগ নেন ইউএনও হাফিজুর রহমান।

গতকাল মতবিনিময় ছাড়াও দুটি ছাত্রাবাস ও ক্যাম্পাস পরিদর্শন করেন ইউএনও।